



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইতিহাস ও সভ্যতা বিভাগ আয়োজিত “বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক ভাবনা: বর্তমানে প্রাসঙ্গিকতা” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ অক্টোবর ২০২২খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা বিভাগের ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে “বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক ভাবনা: বর্তমানে প্রাসঙ্গিকতা” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৮ অক্টোবর ২০২২ তারিখ সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কল্যাণের হলে সেমিনারটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, শিক্ষা ব্যবস্থায় যে বিভিন্ন ধারা আছে তা থেকে উত্তরণের একমাত্র পথ হচ্ছে একমূর্তী শিক্ষাব্যবস্থা। এই একমূর্তী শিক্ষাব্যবস্থার মাধ্যমেই আমাদের তরুণ প্রজন্ম একদিকে যেমন সকল বিষয়ে যথার্থ জ্ঞান অর্জন করতে পারবে একইসাথে তাদের মন ও মননে অসাম্প্রদায়িক চেতনার বীজ গ্রহিত হবে। আর তাহলেই আমাদের তরুণ প্রজন্ম ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলা করে বঙ্গবন্ধুর স্বপ্নের অসাম্প্রদায়িক সেনার বাংলা বিনির্মান করতে পারবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভুঁইয়া এবং কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা বিভাগের চেয়ারম্যান সুরাইয়া আক্তারের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। স্বাগত বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী। ইতিহাস ও সভ্যতা বিভাগের প্রভাষক মোঃ ইলিয়াস হোসেনের সঞ্চালনায় সেমিনারে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. আব্দুল কাহিউম, ইতিহাস ও সভ্যতা বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। এছাড়াও প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকালে আনন্দ র্যালি বের করে বিভাগটি।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২২খ্রি মেহেন্দু চৌধুরী

মো. ফয়সল মাহমুদ
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়